# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
www.krishibank.org.bd

প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৫)/রুমাবি-৩৫৫/২০২৩-২৪/ ১০৯৯(১২৫০) তারিখঃ ১২/১১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর অগ্রগতি প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক মহোদয় স্বাক্ষরিত ১৫/১০/২০২৩ তারিখের পত্র নং ৯০১(১২৫০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উপরোল্লিখিত পত্রে ঝুঁকি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও আলোচ্য বিষয়ে অগ্রগতির তথ্যাদি মাসান্তে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগে নির্ধারিত ছকে প্রেরণের জন্য নির্দেশনাসহ উক্ত কার্যক্রমে যে সকল অঞ্চল শতভাগ অর্জন করতে ব্যর্থ হবে সে সকল অঞ্চল প্রধান/শাখা প্রধানকে জবাবদিহিতার আওতায় এনে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

০৩। ইতোমধ্যে বর্ধিত সময়সীমার ১(এক) মাস অতিক্রান্ত হয়েছে। গত ৩০/০৯/২০২৩, ৩১/১০/২০২৩ এবং ১২/১১/২০২৩ তারিখ ভিত্তিক মাঠ কার্যালয় হতে সংগৃহীত এবং ওয়েব পোর্টাল হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনায় ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর বিভাগওয়ারী তথ্যাদির সার্বিক অবস্থা সংযোজনী-ক তে প্রদর্শন করা হলো।

০৪। সংযোজনী-ক পর্যালোচনায় দেখা যায়, কোন বিভাগই ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। পুন:বর্ধিত সময়সীমার এক মাসে অর্থাৎ ৩১/১০/২০২৩ তারিখ পর্যন্ত এলপিও, ঢাকা, ফরিদপুর, সিলেট ও বরিশাল বিভাগ যথাক্রমে ৮,১১,১৪,১৫ ও ২৩ টি ঋণকেইস এর তথ্য ওয়েব পোর্টালে আপলোড করতে সক্ষম হয়েছে যা আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে নগণ্য ও হতাশাজনক। বিভাগসমূহের মধ্যে ঢাকা, ময়মনসিংহ, কুমিল্লা ও ফরিদপুর বিভাগের অর্জন গড় অর্জিত লক্ষ্যমাত্রার চেয়েও কম।

০৫। এমতাবস্থায়, অত্র বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত এবং বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করা হলো। সেইসাথে অগ্রগতির তথ্যাদি মাসান্তে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগে নির্ধারিত ছকে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত,

১২/১১/২০২৩

(আনন্দ মোহন গোপ)
উপমহাব্যবস্থাপক
ফোন:০২২২৩-৩৫৮৬৮০

সংযুক্তিঃ বর্ণনামতে

চলমান পাতা-০২

বিষয় ঃ ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর অগ্রগতি প্রসঙ্গে।

প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৫)/রুমাবি-৩৫৫/২০২৩-২৪/১০৯৯(১২৫০) তারিখঃ ১২/১১/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***(উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোডলোডের অনুরোধসহ।)***
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১২/১১/২০২৩

(মোহাম্মদ শরিফুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক

# সংযোজনী-ক

<u>ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর জন্য ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য</u>

(প্রকৃত সংখ্যায়)

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয়ের নাম | বিতরণকৃত মোট ঋণ কেইস সংখ্যা (লক্ষ্যমাত্রা) ৩১/১০/২০২৩ তারিখ ভিত্তিক | আপলোডকৃত ঋণ কেইস এর সংখ্যা (৩০.৯.২০২৩ তারিখ ভিত্তিক) | আপলোডকৃত ঋণ কেইস এর সংখ্যা (৩১.১০.২০২৩ তারিখ ভিত্তিক) | ১(এক) মাস সময়কালীন আপলোডকৃত ঋণকেইস সংখ্যা | ১২/১১/২০২৩ ভিত্তিক আপলোডকৃত ঋণ কেইস এর সংখ্যা | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার | আপলোড হয়নি এমন ঋণ কেইস এর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | (১) | (২) | (৩) | (৪=৩-২) | (৫) | (৬) | (৭=৫-১) |
| ১ | ঢাকা | ৯৬২০ | ৭১০ | ৭২১ | ১১ | ৭২৭ | ৭.৫৬% | ৮৮৯৩ |
| ২ | ময়মনসিংহ | ৬৮৮১ | ৭৮৫ | ৮৫৭ | ৭২ | ৮৬৯ | ১২.৬৩% | ৬০১২ |
| ৩ | চট্টগ্রাম | ৩১৬৪ | ৬৯৭ | ৮০৭ | ১১০ | ৮১৩ | ২৫.৭০% | ২৩৫১ |
| ৪ | খুলনা | ৩৭০২ | ৮৫৪ | ১০৪৪ | ১৯০ | ১০৬৪ | ২৮.৭৪% | ২৬৩৮ |
| ৫ | বরিশাল | ১১৭৭ | ৩৪৫ | ৩৬৮ | ২৩ | ৩৭০ | ৩১.৪৪% | ৮০৭ |
| ৬ | সিলেট | ২২২৪ | ৫৬২ | ৫৭৭ | ১৫ | ৬৪৯ | ২৯.১৮% | ১৫৭৫ |
| ৭ | কুমিল্লা | ৫০৭৬ | ৩৫৫ | ৪৯৪ | ১৩৯ | ৫২৫ | ১০.৩৪% | ৪৫৫১ |
| ৮ | ফরিদপুর | ২৭০৫ | ৪১৮ | ৪৩২ | ১৪ | ৪৩৫ | ১৬.০৮% | ২২৭০ |
| ৯ | কুষ্টিয়া | ৪১০৮ | ৮০৯ | ৮৮২ | ৭৩ | ৯১৯ | ২২.৩৭% | ৩১৮৯ |
| ১০ | এলপিও | ৭৫ | ১৪ | ২২ | ৮ | ২৬ | ৩৪.৬৭% | ৪৯ |
| মোট | | ৩৮৭৩২ | ৫৫৪৯ | ৬২০৪ | ৬৫৫ | ৬৩৯৭ | ১৬.৫২% | ৩২৩৩৫ |

১২/১১/২০২৩
মোহাম্মদ শরিফুল ইসলাম
সহকারী মহাব্যবস্থাপক

১২/১১/২০২৩
রাজন চন্দ্র বিশ্বাস
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
www.krishibank.org.bd

প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৫)/কৃমাবি-৩৫৫/২০২৩-২৪/ ৩০১ (৬২৫০)

তারিখঃ ১৫/১০/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর অগ্রগতি ও সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট বিভাগের ০৯/০৭/২০২৩ তারিখের পত্র নং ৩৮(১২৫০) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রে ৫.০০ লক্ষ টাকা ও তদূর্ধ্ব মঞ্জুরিকৃত নতুন ও পুরাতন সকল ঋণ কেইসসমূহের তথ্য যথাযথভাবে স্ক্যান করে সফটওয়্যারে আপলোড করার কার্যক্রমটি সঠিকভাবে সম্পাদনের জন্য সময়সীমা ০৩(তিন) মাস অর্থাৎ ৩০ সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত বর্ধিত করে উক্ত সময়ের মধ্যে কার্যক্রমটি শতভাগ সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।

০৩। ওয়েব পোর্টাল হতে প্রাপ্ত তথ্য পর্যালোচনায় ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর বিভাগওয়ারী ডাটার সার্বিক অবস্থা সংযোজনী-ক তে প্রদর্শন করা হলো। পর্যালোচনায় দেখা যায়, কোন বিভাগই ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর নির্ধারিত লক্ষ্যমাত্রা ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে অর্জন করতে সক্ষম হয়নি, তন্মধ্যে ঢাকা, কুমিল্লা ও ময়মনসিংহ বিভাগের অর্জন গড় অর্জনের চেয়েও কম। আলোচ্য বিষয়ে ক্রেডিট বিভাগ কর্তৃক সময়ে সময়ে পত্র প্রেরণ/টেলিফোনে যোগাযোগ করা এবং কার্যক্রমটি সঠিকভাবে সম্পাদনের জন্য ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৩৬তম ত্রৈমাসিক সভায় সময়সীমা ০৩(তিন) মাস বর্ধিত করা হলেও কার্যক্রমে আশানুরূপ গতিসঞ্চার হয়নি। ঋণ কেইসসমূহের তথ্য ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণের সার্বিক চিত্র বিশ্লেষণে বিকেবি, পরিচালনা পর্ষদের পরিচালকগণের সমন্বয়ে গঠিত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৩৭তম ত্রৈমাসিক সভা এবং ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট এর ২৭/০৯/২০২৩ তারিখের মাসিক সভায় গভীর অসন্তোষ প্রকাশ করা হয়েছে। কার্যক্রমটি আগামী ০৩(তিন) মাস অর্থাৎ ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এক্ষেত্রে যে সকল অঞ্চল শতভাগ অর্জন করতে ব্যর্থ হবে তাদেরকে প্রশাসনিক ব্যবস্থার আওতায় আনার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, ঝুঁকি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। সেইসাথে আলোচ্য বিষয়ে অগ্রগতির তথ্যাদি মাসান্তে পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে ক্রেডিট বিভাগে নির্ধারিত ছকে প্রেরণের জন্যও নির্দেশনা দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ বিষয়টি নিয়মিত পরিধারণ করবেন।

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে

১৫/১০/২৩

(খান ইকবাল হোসেন)
উপব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি
ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি

চলমান পাতা-০২

বিষয় : ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য স্ক্যান করে ওয়েব ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর অগ্রগতি ও সময়সীমা বর্ধিতকরণ প্রসঙ্গে।

প্রকা/ক্রেঃবিঃ(শাখা-৫)/রুমাবি-৩৫৫/২০২৩-২৪/ ৯০৩ (১২৫০) তারিখঃ ১৫/১০/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোডলোডের নির্দেশনাসহ।)
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১৫/১০/২০২৩

(মোহাঃ খালেদুজ্জামান)
মহাব্যবস্থাপক
(পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ)

# সংযোজনী-ক

**ডাটাবেজ সফটওয়্যারে সংরক্ষণ এর জন্য ৫.০০ লক্ষ ও তদূর্ধ্ব ঋণ কেইস সমূহের তথ্য**

(প্রকৃত সংখ্যায়)

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয়ের নাম | বিতরণকৃত মোট ঋণ কেইস সংখ্যা (লক্ষ্যমাত্রা) ৩০/০৯/২০২৩ তারিখ ভিত্তিক | আপলোডকৃত ঋণ কেইস এর সংখ্যা (৩০.৬.২০২৩ তারিখ ভিত্তিক) | আপলোডকৃত ঋণ কেইস এর সংখ্যা (৩০.৯.২০২৩ তারিখ ভিত্তিক) | ৩(তিন) মাস সময়কালীন আপলোডকৃত ঋণকেইস সংখ্যা | ১৫/১০/২০২৩ ভিত্তিক আপলোডকৃত ঋণ কেইস এর সংখ্যা | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার | লক্ষ্যমাত্রা অর্জন (কম/বেশী) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | (১) | (২) | (৩) | (৪=৩-২) | (৫) | (৬) | (৭=৫-১) |
| ১ | ঢাকা | ৯৬২০ | ৪১২ | ৭১০ | ২৯৮ | ৭১৮ | ৭.৪৬% | -৮৯০২ |
| ২ | ময়মনসিংহ | ৬৮৪১ | ১০৭ | ৭৮৫ | ৬৭৮ | ৮১৮ | ১১.৯৬% | -৬০২৩ |
| ৩ | চট্টগ্রাম | ৩১৬৬ | ২৭৮ | ৬৯৭ | ৪১৯ | ৭৬৩ | ২৪.১০% | -২৪০৩ |
| ৪ | খুলনা | ৩৭০২ | ৪৭৩ | ৮৫৪ | ৩৮১ | ৯৬৪ | ২৬.০৪% | -২৭৩৮ |
| ৫ | বরিশাল | ১১৪৪ | ৩০৩ | ৩৪৫ | ৪২ | ৩৬৫ | ৩১.৯১% | -৭৭৯ |
| ৬ | সিলেট | ২০৯১ | ৫১২ | ৫৬২ | ৫০ | ৫৬৮ | ২৭.১৬% | -১৫২৩ |
| ৭ | কুমিল্লা | ৪৯৭৪ | ২৪৮ | ৩৫৫ | ১০৭ | ৪৩৩ | ৮.৭১% | -৪৫৪১ |
| ৮ | ফরিদপুর | ২৬৪৩ | ৩৯৬ | ৪১৮ | ২২ | ৪২০ | ১৫.৮৯% | -২২২৩ |
| ৯ | কুষ্টিয়া | ৪১০৮ | ৪২৫ | ৮০৯ | ৩৮৪ | ৮৭২ | ২১.২৩% | -৩২৩৬ |
| ১০ | এলপিও | ৭৫ | ১১ | ১৪ | ৩ | ১৬ | ২১.৩৩% | -৫৯ |
| মোট | | ৩৮৩৬৪ | ৩১৬৫ | ৫৫৪৯ | ২৩৮৪ | ৫৯৩৭ | ১৫.৪৮% | -৩২৪২৭ |

১৫.১০.২০২৩
সজল চন্দ্র বিশ্বাস
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ক্রেডিট বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

১৫.১০.২০২৩
মোঃ পারভেজ কাওসার সরকার
সহকারী মহাব্যবস্থাপক